

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৫.০০৫৭.১৯.১৯৯

বিষয়: জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর অনুকূলে প্রশিক্ষণ আয়োজনের বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্মারক নং ০৫.৫৫.৯৪০০.০০৮.০০.০০৩.২২-৬১৩; তাং ৩০-০৪-২০২৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর রাজস্ব প্রশাসনের অধীন কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত জ্ঞান অর্জন ও দক্ষতা বৃদ্ধির জন্য দিনব্যাপী “ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এবং রাজস্ব প্রশাসনের বিবিধ মামলা ও আপীল মামলা নিষ্পত্তি” সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত ‘১৪৬০৪০১-জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ’ প্রাতিষ্ঠানিক কোডভুক্ত উক্ত জেলা প্রশাসকের কার্যালয়ের এস.এ শাখার অনুকূলে ‘৩২৩১-প্রশিক্ষণ’ খাতের অধীন ‘৩২৩১৩০১-প্রশিক্ষণ’ উপখাত হতে সর্বমোট ১,০৬,০০০/- (এক লক্ষ ছয় হাজার) টাকা বরাদ্দ/ব্যয়ের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

প্রশিক্ষণের জন্য বরাদ্দ

কার্যালয়ের নাম	বরাদ্দের পরিমাণ
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও	১,০৬,০০০/-
কথায়: (এক লক্ষ ছয় হাজার) টাকা।	

বলিঃ

- ১। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার অবশ্যই যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ২। অব্যয়িত অর্থ প্রশিক্ষণ সমাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথানিয়মে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করে অত্র বোর্ডকে অবহিত করতে হবে।
- ৩। আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ খরচ করত: আবশ্যিকভাবে প্রশিক্ষণের হাজিরা সিট, সম্মান সিট, স্থির চিত্র ও ব্যয় বিবরণী ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে।

০৩-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৫.০০৫৭.১৯.১৯৯/১ (৬)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর (ঠাকুরগাঁও জেলায় অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত তারিখে ভূমি সংস্কার বোর্ডের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঠাকুরগাঁও।
- ৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার